রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ৩১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১, ২০১৯

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৭৫—৩৮৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮২৫—৮৬৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৬৫৭—২৬৮৩ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .........সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .........বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..........বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..........কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..........তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...........................তারিখে সমাপ্ত বাৎসরিক মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বাৎসরিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ ১৪২৬/১২ জুন ২০১৯

**নং ০৫.১৮৪.০২৭.০২.০০.০০২.২০১৩-২৬৭**—যেহেতু, জনাব মোহাম্মদ রেজাই রাফিন সরকার (পরিচিতি নং-১৫১৭৮), সচিব, জেলা পরিষদ, ঝিনাইদহ ১৯-৭-২০১১ তারিখ হতে ১০-৬-২০১২ তারিখ পর্যন্ত বেলাব উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মরত থাকাকালে সামাজিক প্ল্যাটফরম ফেইসবুকে বাংলাদেশ সরকারের বিভিন্ন নীতিমালা, মাননীয় মন্ত্রী, এম.পি., সচিবসহ বিভিন্ন কর্মকর্তাদের বিরুদ্ধে কুৎসা রটনার পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৪-০৩-২০১৩ তারিখের ০৫.১৮৪.০২৭.০২.০০.০০২.২০১৩-৯৩ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি-না তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে ০৯-০৪-২০১৩ তারিখে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং তার আবেদনের পরিপ্রেক্ষিতে ১৩-০৬-২০১৩ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানি অন্তে কুৎসা রটনার বিষয়ে তাঁর ভূমিকা এবং সম্পৃক্ততা কতখানি তা উৎঘাটনের জন্য অধিক তদন্তের প্রয়োজন

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব মোঃ শফিকুল ইসলাম (পরিচিতি নং-৫৩৪০), সিস্টেমস এনালিস্ট (উপসচিব), জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ-কে ০৩-০৭-২০১৩ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা ১৯-০৯-২০১৩ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ রেজাই রাফিন সরকার-এর বিরুদ্ধে আনীত "অসদাচরণ"-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, দাখিলকৃত তদন্ত প্রতিবেদনটি স্বয়ংসম্পূর্ণ বিবেচিত না হওয়ায় ন্যায়বিচার নিশ্চিতকরণ ও সঠিক সিদ্ধান্ত উপনীত হয়ে কতিপয় বিষয় স্পষ্টীকরণের জন্য তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন দেওয়ার জন্য ১২-১২-২০১৩ তারিখে জনাব মোঃ শফিকুল ইসলাম (পরিচিতি নং-৫৩৪০)-কে পুনরায় অনুরোধ করা হয়। তদন্ত কর্মকর্তা জনাব মোঃ শফিকুল ইসলাম কর্তৃক ১২-০৫-২০১৪ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে পুনরায় মতামত প্রদান করেন;

যেহেতু, ন্যায়বিচার নিশ্চিতকরণ ও সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য জনাব মোহাম্মদ রেজাই রাফিন সরকার-এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে জনাব মোঃ ওবায়দুল আজম, প্রাক্তন জেলা প্রশাসক, নরসিংদী এর সাক্ষ্য প্রমাণ গ্রহণকরত সুস্পষ্ট মতামতসহ একটি স্বয়ংসম্পূর্ণ তদন্ত প্রতিবেদন দেওয়ার জন্য পুনরায় ০৯-০৭-২০১৪ তারিখে মোঃ শফিকুল ইসলাম (পরিচিতি নং-৫৩৪০), উপসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-কে অনুরোধ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত ১২-১০-২০১৯ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে আবারও মতামত প্রদান করেন;

যেহেতু, ন্যায়বিচারের স্বার্থে এ বিষয়ে বিশেষজ্ঞের মতামতের প্রয়োজন প্রতীয়মান হওয়ায় প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, ইউএনডিপি, প্রধানমন্ত্রীর কার্যালয়কে মতামত প্রদানের জন্য ১৯-১১-২০১৪ তারিখে অনুরোধ করা হয়। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় ২৩-০২-২০১৫ তারিখে দাখিলকৃত মতামতে উল্লেখ করেন যে সামহোয়ারইনব্লগ কর্তৃপক্ষকে সরকারিভাবে চিঠি দিয়ে 'সহজ পৃথিবী' আইডিধারী ব্যক্তির ই-মেইল (ইউজার আইডি) ও সাম্প্রতিক পোস্টগুলোর আইপি এড্রেস জানা যেতে পারে, যার মাধ্যমে বিতর্কিত পোস্টগুলোর সাথে রেজাই রাফিন সরকারের সংশ্লিষ্টতা খুঁজে পাওয়া সম্ভব হবে;

যেহেতু, "সহজ পৃথিবী" আই.ডি. ধারী ব্যক্তির ই-মেইল ঠিকানা ও আই.পি এড্রেস জানানোর জন্য ৩১-০৭-২০১৮ তারিখে সামহোয়ারইনব্লগ কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। সামহোয়ারইনব্লগ কর্তৃপক্ষ ০২-১০-২০১৮ তারিখে জানিয়েছে যে "সামহোয়ারইন ব্লগে 'সহজ পৃথিবী' আইডিটি rafins@yahoo.com ই-মেইল আইডি থেকে খোলা হলেও একটি গ্রুপ আইপি ব্যবহার করায় আমরা তার আইপি সংক্রান্ত কোনো সুনির্দিষ্ট তথ্য দিতে পারি না";

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ, উভয়পক্ষের বক্তব্য, দাখিলকৃত জবাব, তদন্ত প্রতিবেদন, বিশেষজ্ঞের মতামত, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক বিষয়সমূহ পর্যালোচনায় জনাব মোহাম্মদ রেজাই রাফিন সরকার (পরিচিতি নং-১৫১৭৮)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় উক্ত বিধিমালার ধারাবাহিকতায় তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় উক্ত বিধিমালার ধারাবাহিকতায় তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ হতে অব্যাহতি পাওয়ার যোগ্য বিধায় তাকে বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোহাম্মদ রেজাই রাফিন সরকার (পরিচিতি নং-১৫১৭৮) প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার বেলাব, নরসিংদী বর্তমানে সচিব, জেলা পরিষদ, ঝিনাইদহ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ"এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬/১৩ জুন ২০১৯

**নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৩.১৭-২৭৫**—যেহেতু, বেগম উর্মি বড়ুয়া (পরিচিতি নং-১৬২০২), বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-এ বিরুদ্ধে ও মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখার ১৮-০৭-২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.১১.০১৮.১১.২২৩ নং প্রজ্ঞাপন মোতাবেক ১৮-০৭-২০১৩ হতে ০২-০৮-২০১৪ খ্রি. পর্যন্ত University of New South Wales, Australia তে Policy Studies বিষয়ে মাস্টার্স কোর্স করার জন্য বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব) হিসেবে নিয়োগ প্রদান করা হয়। অনুমোদিত ছুটির মেয়াদ/অধ্যয়ন শেষে মন্ত্রণাণয়ে যোগদানের বিধান থাকলেও তিনি ০৩-০৮-২০১৪ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি। নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান না করায় মাঠ প্রশাসন-১ শাখার ২৯-০৬-২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০২০.১৫-২৭৯ নং স্মারকমূলে কারণ দর্শানো নোটিশ জারি করা হলেও তার নিকট হতে এর কোনো জবাব পাওয়া যায়নি;

২। যেহেতু, উক্ত অপরাধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(সি) অনুযায়ী "ডিজারশন" এবং সে মোতাবেক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) বিধি অনুযায়ী "পলায়ন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ২৬-০৯-২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৩.১৭.৪৪৯ নং স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার স্থায়ী ঠিকানা এবং ব্যক্তিগত ই-মেইলে (urmibarua@yahoo.com ও urmibarua@gmail.com) প্রেরণ করে কারণ দর্শাতে বলা হলেও এর কোনো জবাব পাওয়া যায়নি;

৩। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৩) সে মোতাবেক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৩) বিধি অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ বিষয়ে তদন্ত করার জন্য জনাব বেবী রাণী কর্মকার (৬৭৮৮), উপসচিব, ক্যারিয়ার প্ল্যানিং-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে বেগম উর্মি বড়ুয়া (১৬২০২)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(সি) বিধি "ডিজারশন" এবং সে মোতাবেক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী "পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী "চাকুরী হইতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপের পূর্বে ০৬-১২-২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৩.১৭.৪৮৭ নং স্মারকের মাধ্যমে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। জারীকৃত নোটিশ তার স্থায়ী ঠিকানা এবং ব্যক্তিগত ই-মেইলে প্রেরণ করা হলেও পূর্বের মতো এবারও এর কোনো জবাব পাওয়া যায়নি;

৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৮) বিধির অনুসরণক্রমে ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী "চাকুরী হইতে বরখাস্তকরণ" করার গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল থাকায় গুরুদণ্ড আরোপের বিষয়ে একই বিধিমালার ৭(১০) বিধি এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশনস মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়-কে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় ১০-০৩-২০১৯ তারিখের ৮০.১১০.০৩৪.০০. ০০.০০২.২০১৯-৪৪ নং স্মারকে অভিযুক্ত কর্মকর্তাকে "চাকুরী হইতে বরখাস্তকরণ" এর গুরুদণ্ড আরোপের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেন; এবং

৬। যেহেতু, বেগম উর্মি বড়ুয়া (১৬২০২)-এর নিয়োগকারী কর্তৃপক্ষ মহামান্য রাষ্ট্রপতি বিধায় Rules of Business এর দ্বিতীয় অধ্যায় Rules-7 এবং Schedule-IV এর ক্রমিক ১৭ অনুযায়ী এ বিভাগীয় মামলায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী "পলায়ন" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার ৭(৮) বিধির অনুসরণক্রমে ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী "চাকুরী হতে বরখাস্তকরণ" করার গুরুদণ্ড আরোপের নিমিত্তে ৪(৬) বিধি মোতাবেক মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন/ সম্মতি প্রদান করেন।

৭। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) বিধি অনুযায়ী "পলায়ন" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার ৭(৮) বিধির অনুসরণক্রমে ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী বেগম উর্মি বড়ুয়া (১৬২০২), বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে "চাকুরী হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড প্রদান করা হলো।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

**মাঠ প্রশাসন-১ শাখা**

**শোকবার্তা**

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪২৬/০৩ জুন ২০১৯

**নং ০৫.০০.০০০০.১৩৭.০০.০৩১.১৯-২৬৮**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের সদস্য জনাব আবু তাহের সাঈদ (৪৫২৭), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ গত ৯ নভেম্বর ২০১৮ তারিখ সন্ধ্যা ৫.৪৫ টায় মৃত্যুবরণ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৮ বছর।

মরহুম আবু তাহের সাঈদ ১৯৬০ সালের ১২ নভেম্বর নরসিংদী জেলায় জন্ম গ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগ থেকে বি.এস.এস (অনার্স) ও এম.এস.এস ডিগ্রী লাভ করেন। তিনি ১৫ ফেব্রুয়ারি ১৯৮৮ সালে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন।

আবু তাহের সাঈদ একজন সৎ, নিষ্ঠাবান, সাহসী, বন্ধুবৎসল, সদালাপী ও অমায়িক ব্যক্তিত্বের অধিকারী কর্মকর্তা ছিলেন। তিনি দুই ভাই, আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আবু তাহের সাঈদ এর অকাল মৃত্যুতে গভীর দুঃখ ও শোক প্রকাশসহ তার বিদেহী আত্মার শান্তি কামনা করছে এবং মরহুমের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**ফয়েজ আহম্মদ**
সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**
**আদেশাবলি**

তারিখ: ২৯ মে ২০১৯

**নং বিচার-৭/২এন-১৩/২০০৩-২৩৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ ওমর ফারুক, পিতা-আব্দুর রশিদ, মাতা-মৃত পেয়ারা বেগম, গ্রাম-দুরমুঠ, ডাকঘর-দুরমুঠ, উপজেলা-মেলান্দহ, জেলা-জামালপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জামালপুর জেলার মেলান্দহ উপজেলার ১নং দুরমুঠ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ: ১২ জুন ২০১৯

**নং বিচার-৭/২এন-৮৩/০৪(অংশ-)-২৪০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ জাকারিয়া, পিতা-মৃত মোঃ সুলতান হাওলাদার, মাতা-আম্বিয়া বেগম, বরিশাল ইসলামিয়া কলেজ সংলগ্ন আমানতগঞ্জ, বরিশাল সিটি কর্পোরেশন বরিশাল।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল সিটি কর্পোরেশনের ২৮ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**সরকারী আদেশ**

তারিখ : ০২ আষাঢ় ১৪২৬/১৬ জুন ২০১৯

**নং ৪২.০০.০০০০.০৩১.১৫.২৩৮.১৮-৪০০**—পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর জন্য অস্থায়ীভাবে রাজস্ব খাতে নিম্নবর্ণিত ১১৬ ক্যাটাগরির ১০১৮২ (দশ হাজার একশত বিরাশি) টি পদ ০১-০৬-২০১৯ হতে ৩১-০৫-২০২০ পর্যন্ত সংরক্ষণে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ খ্রিঃ তারিখের সরকারি আদেশ নং মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১; জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯-০৩-২০১৪ তারিখের পরিপত্র নং ০৫.১৫২.০১৫.০২.০০.০১৭.২০১২-৬৮ এর নির্দেশনা মোতাবেক আর্দিষ্ট মতে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো :

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মহাপরিচালক | সরকার কর্তৃক নির্ধারিত | ১ | |
| ২ | অতিরিক্ত মহাপরিচালক | সরকার কর্তৃক নির্ধারিত | ৫ | |
| ৩ | প্রধান প্রকৌশলী (পুর) | ৬৬০০০—৭৬৪৯০ (গ্রেড-২) | ৬ | |
| ৪ | প্রধান প্রকৌশলী (যান্ত্রিক) | ৬৬০০০—৭৬৪৯০ (গ্রেড-২) | ১ | |
| ৫ | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর) | ৫৬৫০০—৭৪৪০০ (গ্রেড-৩) | ১২ | |
| ৬ | নিয়ন্ত্রক (অহিনি) | ৫৬৫০০—৭৪৪০০ (গ্রেড-৩) | ১ | |
| ৭ | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক) | ৫৬৫০০—৭৪৪০০ (গ্রেড-৩) | ২ | |
| ৮ | প্রধান, পানি ব্যবস্থাপনা (কমিউনিটি ডেভেলপমেন্ট) | ৫৬৫০০—৭৪৪০০ (গ্রেড-৩) | ১ | |
| ৯ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) | ৫০০০০—৭১২০০ (গ্রেড-৪) | ৫৯ | |
| ১০ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) | ৫০০০০—৭১২০০ (গ্রেড-৪) | ৯ | |

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১১ | মুখ্য সম্প্রসারণ কর্মকর্তা (কমিউনিটি ডেভেলপমেন্ট) | ৫০০০০—৭১২০০ (গ্রেড-৪) | ৪ | |
| ১২ | যুগ্ম প্রধান | ৫০০০০—৭১২০০ (গ্রেড-৪) | ১ | |
| ১৩ | পরিচালক (অর্থঃ মূল্যায়ন) | ৫০০০০—৭১২০০ (গ্রেড-৪) | ১ | |
| ১৪ | পরিচালক (প্রশাসন) | ৫০০০০—৭১২০০ (গ্রেড-৪) | ৭ | |
| ১৫ | পরিচালক (অহিনি) | ৫০০০০—৭১২০০ (গ্রেড-৪) | ৩ | |
| ১৬ | পরিচালক (জিওলজি) | ৫০০০০—৭১২০০ (গ্রেড-৪) | ১ | |
| ১৭ | পরিচালক (ভূমি ও রাজস্ব) | ৫০০০০—৭১২০০ (গ্রেড-৪) | ১ | |
| ১৮ | সচিব | ৫০০০০—৭১২০০ (গ্রেড-৪) | ১ | |
| ১৯ | সিনিয়র সিস্টেম এনালিস্ট | ৫০০০০—৭১২০০ (গ্রেড-৪) | ১ | |
| ২০ | নির্বাহী প্রকৌশলী (পুর) | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ১৯১ | |
| ২১ | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ৩৪ | |
| ২২ | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (কমিউনিটি ডেভেলপমেন্ট) | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ১২ | |
| ২৩ | উপ-প্রধান, অর্থনীতি | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ২ | |
| ২৪ | উপ-প্রধান, কৃষি | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ৪ | |
| ২৫ | উপ-প্রধান, মৃত্তিকা | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ১ | |
| ২৬ | উপ-প্রধান, মৎস্য | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ১ | |
| ২৭ | উপ-প্রধান, সমাজবিজ্ঞান | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ১ | |
| ২৮ | অতিরিক্ত পরিচালক (অহিনি) | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ৪ | |
| ২৯ | সিস্টেম এনালিস্ট | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ৫ | |
| ৩০ | উপ-পরিচালক (অহিনি) | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ২১ | |
| ৩১ | উপ-সচিব | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ৫ | |
| ৩২ | উপ-পরিচালক (প্রশাসন) | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ৩৫ | |
| ৩৩ | উপ-পরিচালক (জিওলজি) | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ৩ | |
| ৩৪ | উপ-পরিচালক (ভূমি ও রাজস্ব) | ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫) | ৩ | |
| ৩৫ | উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর) | ৩৫৫০০—৬৭০১০ (গ্রেড-৬) | ২৬০ | |
| ৩৬ | উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক) | ৩৫৫০০—৬৭০১০ (গ্রেড-৬) | ৫০ | |
| ৩৭ | সম্প্রসারণ কর্মকর্তা (কমিউনিটি ডেভেলপমেন্ট) | ৩৫৫০০—৬৭০১০ (গ্রেড-৬) | ১১ | |
| ৩৮ | প্রোগ্রামার | ৩৫৫০০—৬৭০১০ (গ্রেড-৬) | ৬ | |
| ৩৯ | সহকারী প্রকৌশলী (পুর) | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ৩৬২ | |
| ৪০ | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ) | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ৬১ | |
| ৪১ | সহকারী সম্প্রসারণ কর্মকর্তা (কমিউনিটি ডেভেলপমেন্ট) | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ১৯ | |
| ৪২ | গবেষণা কর্মকর্তা, পরিবেশ ও বন | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ৪ | |
| ৪৩ | গবেষণা কর্মকর্তা, কৃষি | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ৪ | |
| ৪৪ | গবেষণা কর্মকর্তা, অর্থনীতি | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ৭ | |
| ৪৫ | গবেষণা কর্মকর্তা, মৎস্য | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ৩ | |
| ৪৬ | গবেষণা কর্মকর্তা, সমাজবিজ্ঞান | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ৪ | |
| ৪৭ | গবেষণা কর্মকর্তা, মৃত্তিকা | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ২ | |
| ৪৮ | সহকারী প্রোগ্রামার | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ৯ | |
| ৪৯ | সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ১৭ | |
| ৫০ | সহকারী পরিচালক (অহিনি) | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ৫৩ | |
| ৫১ | সহকারী পরিচালক (প্রশাসন) | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ৭০ | |
| ৫২ | রিভার সার্ভেয়ার | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ৩ | |

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৫৩ | জিওলজিস্ট | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ২০ | |
| ৫৪ | মেডিক্যাল অফিসার | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | ১ | |
| ৫৫ | উপ-সহকারী প্রকৌশলী/ শাখা কর্মকর্তা (পুর)/প্রাক্কলনিক | ১৬০০০—৩৮৬৪০ (গ্রেড-১০) | ৮০০ | |
| ৫৬ | উপ-সহকারী প্রকৌশলী/ শাখা কর্মকর্তা (যান্ত্রিক/বিদ্যুৎ) | ১৬০০০—৩৮৬৪০ (গ্রেড-১০) | ১৫৫ | |
| ৫৭ | হাইড্রোগ্রাফিক সার্ভেয়ার | ১৬০০০—৩৮৬৪০ (গ্রেড-১০) | ১ | |
| ৫৮ | ড্রিলার | ১২৫০০—৩০২৩০ (গ্রেড-১১) | ৮ | |
| ৫৯ | সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর | ১২৫০০—৩০২৩০ (গ্রেড-১১) | ৩৩ | |
| ৬০ | সহকারী রাজস্ব কর্মকর্তা | ১১৩০০—২৭৩০০ (গ্রেড-১২) | ৭০ | |
| ৬১ | স্টেনোগ্রাফার/পি.এ | ১১০০০—২৬৫৯০ (গ্রেড-১৩) | ৬৮ | |
| ৬২ | লিভারম্যান (১৮”) | ১১০০০—২৬৫৯০ (গ্রেড-১৩) | ১৮ | |
| ৬৩ | সয়েল টেকনিশিয়ান | ১০২০০—২৪৬৮০ (গ্রেড-১৪) | ২ | |
| ৬৪ | কনক্রিট টেকনিশিয়ান | ১০২০০—২৪৬৮০ (গ্রেড-১৪) | ১ | |
| ৬৫ | ক্যামেরাম্যান/ফটোগ্রাফার | ১০২০০—২৪৬৮০ (গ্রেড-১৪) | ১ | |
| ৬৬ | অপারেটর-সি | ১০২০০—২৪৬৮০ (গ্রেড-১৪) | ৭ | |
| ৬৭ | ক্যাম্প সুপারভাইজার | ১০২০০—২৪৬৮০ (গ্রেড-১৪) | ১৭ | |
| ৬৮ | অপারেটর (ক্রেন) | ১০২০০—২৪৬৮০ (গ্রেড-১৪) | ১ | |
| ৬৯ | স্টোর কিপার-বি | ১০২০০—২৪৬৮০ (গ্রেড-১৪) | ৭ | |
| ৭০ | সার্ভেয়ার (ইঞ্জি) | ৯৭০০—২৩৪৯০ (গ্রেড-১৫) | ২৪৫ | |
| ৭১ | ড্রাইভার ২য় শ্রেণি | ৯৭০০—২৩৪৯০ (গ্রেড-১৫) | ১৩ | |
| ৭২ | ড্রিলিং সহকারী (গ্রেড-২) | ৯৭০০—২৩৪৯০ (গ্রেড-১৫) | ৮ | |
| ৭৩ | ড্রাইভার (হেভী) | কর্মরত পদধারীদের জন্য<br>৯৭০০—২৩৪৯০ (গ্রেড-১৫)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৭,০৪৫/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৬,১১৫/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৫,৬৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৪ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৭৪ | ড্রাইভার (ভেহিকেল) | কর্মরত পদধারীদের জন্য<br>৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৭,০৪৫/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৬,১১৫/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৫,৬৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৪৬৬ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৭৫ | ইমাম | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ৩৩ | |
| ৭৬ | ভাটিক্যাল ট্রান্সপোর্ট এটেনডেন্ট | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ৬ | |
| ৭৭ | অডিও ভিজুয়াল অপারেটর | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ১ | |
| ৭৮ | ল্যাব সহকারী | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ১ | |
| ৭৯ | রাজস্ব সার্ভেয়ার | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ৭৪ | |

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৮০ | স্পীড বোট ড্রাইভার | কর্মরত পদধারীদের জন্য<br>৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৭,০৪৫/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৬,১১৫/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৫,৬৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৫৭ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৮১ | টেলিফোন অপারেটর | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ২ | |
| ৮২ | হিসাব করণিক | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ৩৩০ | |
| ৮৩ | স্টোর কিপার-এ | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ২২ | |
| ৮৪ | লিভারম্যান (১২”) | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ১০ | |
| ৮৫ | অপারেটর (ইকুইপমেন্ট) | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ২ | |
| ৮৬ | ডাটা এন্ট্রি অপারেটর | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ৩২৯ | |
| ৮৭ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ৪০২ | |
| ৮৮ | টেলিকমিউনিকেশন অপারেটর | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ১৩ | |
| ৮৯ | ট্রেসার | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) | ২২ | |
| ৯০ | সেইলর | কর্মরত পদধারীদের জন্য<br>৮২৫০—২০০১০ (গ্রেড-২০)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৫,৫৫০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৪ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৯১ | ড্রাইভার ৩য় শ্রেণি | ৯০০০—২১৮০০ (গ্রেড-১৭) | ২০ | |
| ৯২ | পাম্প অপারেটর | কর্মরত পদধারীদের জন্য<br>৯০০০—২১৮০০ (গ্রেড-১৭)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৬,৫৫০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৫,৭০০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৫,২০০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৯৮ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৯৩ | সহকারী ড্রাইভার | কর্মরত পদধারীদের জন্য<br>৮৮০০—২১৩১০ (গ্রেড-১৮)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৬,২২০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৫,৫০০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৫,০০০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৬২ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৯৪ | মুয়াজ্জিন | কর্মরত পদধারীদের জন্য<br>৮৮০০—২১৩১০ (গ্রেড-১৮)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৬,২২০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৫,৫০০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৫,০০০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ১৫ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৯৫ | ড্রেসার | কর্মরত পদধারীদের জন্য<br>৮৮০০—২১৩১০ (গ্রেড-১৮)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৬,২২০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৫,৫০০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৫,০০০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ১ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৯৬ | সুকানী | কর্মরত পদধারীদের জন্য<br>৮৮০০—২১৩১০ (গ্রেড-১৮)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৬,২২০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৫,৫০০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৫,০০০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৪৫ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৯৭ | ওয়েলম্যান | ১৬,২২০/- (সাকুল্যে)<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৫,৫০০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৫,০০০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৫০ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৯৮ | প্ল্যাম্বার | কর্মরত পদধারীদের জন্য<br>৮৮০০—২১৩১০ (গ্রেড-১৮)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৬,২২০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৫,৫০০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৫,০০০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৩ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৯৯ | গেজ রিডার | কর্মরত পদধারীদের জন্য<br>৮৫০০——২০৫৭০ (গ্রেড-১৯)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৬,২২০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৫,৫০০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৫,০০০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৩৫৪ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১০০ | লস্কর | কর্মরত পদধারীদের জন্য<br>৮২৫০——২০০১০ (গ্রেড-২০)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৫,৮০০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৫,২০০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৭০০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ২৪৮ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১০১ | বাবুর্চি | কর্মরত পদধারীদের জন্য<br>৮৫০০——২০৫৭০ (গ্রেড-১৯)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৫,৮০০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৫,২০০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৭০০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৭৪ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১০২ | হেলপার | কর্মরত পদধারীদের জন্য<br>৮২৫০——২০০১০ (গ্রেড-২০)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৫,৫৫০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ১২০ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১০৩ | সহকারী বাবুর্চি | কর্মরত পদধারীদের জন্য<br>৮২৫০——২০০১০ (গ্রেড-২০)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৫,৫৫০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৮৬ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১০৪ | বেয়ারার | কর্মরত পদধারীদের জন্য<br>৮২৫০—২০০১০ (গ্রেড-২০)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৫,৫৫০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ১১৬ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১০৫ | ল্যাব এটেনড্যান্ট | কর্মরত পদধারীদের জন্য<br>৮২৫০—২০০১০ (গ্রেড-২০)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৫,৫৫০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৪ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১০৬ | নিরাপত্তা প্রহরী (চৌকিদার) | কর্মরত পদধারীদের জন্য<br>৮২৫০—২০০১০ (গ্রেড-২০)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৫,৫৫০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৪১০ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১০৭ | মালী/গার্ডেনার | কর্মরত পদধারীদের জন্য<br>৮২৫০—২০০১০ (গ্রেড-২০)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৫,৫৫০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৮২ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১০৮ | অফিস সহায়ক | কর্মরত পদধারীদের জন্য<br>৮২৫০—২০০১০ (গ্রেড-২০)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৫,৫৫০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ১৬৫০ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১০৯ | অ্যাটেনডেন্ট | কর্মরত পদধারীদের জন্য<br>৮২৫০—২০০১০ (গ্রেড-২০)<br>কর্মরত পদধারীর অবঃ, মৃত্যু, চাকুরিচ্যুতি কিংবা অন্য কোন কারণে পদটি শূন্য হলে আউটসোর্সিং ভিত্তিতে<br>১৫,৫৫০/-<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ১ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১১০ | স্টোর খালাসী | ১৫,৫৫০ (সাকুল্যে)<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৯ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১১১ | চেইনম্যান | ১৫,৫৫০ (সাকুল্যে)<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৩ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১১২ | পরিচ্ছন্নতা কর্মী | ১৫,৫৫০ (সাকুল্যে)<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৪৯০ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১১৩ | গেট অপারেটর | ১৫,৫৫০ (সাকুল্যে)<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৫৪৭ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১১৪ | হাইড্রো সার্ভে বোট অপারেটর | ১৫,৫৫০/- (সাকুল্যে)<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ১ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১১৫ | খালাসী (ক্যানাল/এমব্যাংকমেন্ট) | ১৫,৫৫০/- (সাকুল্যে)<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ২০৫ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ১১৬ | নিরাপত্তা প্রহরী (গার্ড) | ১৫,৫৫০/- (সাকুল্যে)<br>(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)<br>১৪,৯৫০/-<br>(সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য)<br>১৪,৪৫০/-<br>(অন্যান্য স্থানের জন্য) | ৮৫০ | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| | | মোট | ১০১৮২ | |

২। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০১৭ সালের ১০ম সভায় গৃহীত সিদ্ধান্ত (মন্ত্রিপরিষদ বিভাগের ০৯-০৭-২০১৭ তারিখের স্মারক নং ০৪.০০.০০০০.৭১১.০৬.০১১.১৭-৪০৬) মোতাবেক পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে।

৩। অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অধিশাখার ০৩-১১-২০১৪ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১২৮.৪২.০১৪.১১-১৩০ মোতাবেক;

(ক) সুপারিশকৃত পদগুলোর মধ্যে যে সকল পদ বাপাউবোর নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত নেই সে সব পদ যথানিয়মে উক্ত নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত করতে হবে :

(খ) সুপারিশকৃত ৪র্থ শ্রেণির শূন্য পদে নতুন লোক নিয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগের ০৭-০৮-২০০৮ খ্রি: তারিখের অম/অবি/ব্য:নি:-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭ নং স্মারকের মাধ্যমে জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) নীতিমালা অনুসরণ করতে হবে;

(গ) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত পদ বিলুপ্তি ও সৃজনের সরকারি আদেশ জারির পর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোতে উক্ত জনবল অন্তর্ভুক্ত করে অর্থ বিভাগ-কে অবহিত করতে হবে;

(ঘ) বাপাউবোর অনুমোদিত জনবলের সাথে সংগতি রেখে জরুরী ভিত্তিতে এ প্রতিষ্ঠানের জন্য তথ্য ও প্রযুক্তি বিভাগে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি নিয়ে প্রয়োজনীয় জনবল সৃষ্টির উদ্যোগ গ্রহণ করতে হবে;

৪। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০৬-০৫-২০১৫ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৩.৪২.০০২.১২(অংশ)-৮৪ নং স্মারকের শর্ত অনুসরণে নির্ধারণকৃত বেতন স্কেল/বেতন প্রদত্ত যোগ্যতা/অভিজ্ঞতা ও শর্ত অনুসারে কার্যকর হবে;

৫। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২০-১০-২০১৫ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৩.৪২.০০২.১২(অংশ)-১৫৮ নং স্মারকের অনুসরণে খসড়া চাকুরী প্রবিধানমালার ভিত্তিতে বেতন স্কেল সুপারিশ করা হয়েছে সে ক্ষেত্রে উল্লিখিত নিয়োগ যোগ্যতা প্রতিষ্ঠানের চাকুরী প্রবিধানমালা তফসিলভুক্ত করতে হবে;

৬। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০৯-১১-২০১৬ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৩.৪২.০০২.১২(অংশ-২)-১০৫ নং স্মারকের অনুসরণে

(ক) নির্ধারণকৃত বেতন গ্রেড/সেবামূল্য নির্ধারিত যোগ্যতা/অভিজ্ঞতা কার্যকর হবে;

(খ) উপ-পরিচালক (প্রশাসন, জিওলজি, ভূমি ও রাজস্ব, অহিনি/উপ-সচিব/অতিরিক্ত পরিচালক (অহিনি) ৫ম গ্রেডভুক্ত) এবং সহকারী পরিচালক (৯ম গ্রেডভুক্ত) এর মাঝে সংগতিপূর্ণ স্কেল (৬ষ্ঠ গ্রেডভুক্ত) পদ সৃজনপূর্বক বিদ্যমান চাকুরী প্রবিধানমালার তফসিলভুক্ত করে পদসোপান সংগতিপূর্ণ করতে হবে। নিয়োগ বিধিতে গবেষণা কর্মকর্তা ও সহকারী প্রধান পদের পদ সোপান (Hierarchy) সংগতিপূর্ণ করতে হবে। এছাড়া অন্যান্য পদের ক্ষেত্রেও যেখানে পদ সোপান সংগতিপূর্ণ নয় তা প্রমিতকরণ (Standarised) করতে হবে;

(গ) উপরে খ-এ বর্ণিত শর্তের ব্যত্যয় ঘটিয়ে পরবর্তী সময়ে নতুন নিয়োগপ্রাপ্ত/পদোন্নতিপ্রাপ্ত উপ-পরিচালক/উপ-সচিব/অতিরিক্ত পরিচালকগণের ক্ষেত্রে ৫ম গ্রেড কার্যকর করা যাবে না;

(ঘ) যে সকল পদে খসড়া চাকুরী প্রবিধানমালার ভিত্তিতে বেতন গ্রেড সুপারিশ করা হয়েছে, সে ক্ষেত্রে উল্লিখিত নিয়োগ যোগ্যতা/অভিজ্ঞতা অনুযায়ী প্রতিষ্ঠানের চাকুরী প্রবিধানমালার তফসিলভুক্ত করে চূড়ান্ত করতে হবে;

(ঙ) নতুন সৃজিত ৪র্থ শ্রেণির সকল পদ আউট সোর্সিং ভিত্তিতে সেবামূল্য প্রযোজ্য হবে; তবে কাঠামোতে পূর্বে বিদ্যমান ৪র্থ শ্রেণির পদে বর্তমান কর্মরত পদধারীগণ নির্ধারিত বেতন গ্রেড প্রাপ্য হবেন এবং কর্মরত জনবলের অবসর, মৃত্যু বা অন্য কোন কারণে শূন্য হলে আউট সোর্সিং ভিত্তিতে সেবামূল্য প্রযোজ্য হবে;

৭। এতদসংক্রান্ত প্রচলিত অন্যান্য বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা অনুসরণ করতে হবে।

৮। উপর্যুক্ত অস্থায়ী পদের বেতন ও ভাতাদিসহ আনুষঙ্গিক ব্যয় ২০১৯-২০২০ অর্থ বছরে সাংবিধানিক কোড নং-৩, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বরাদ্দকৃত অর্থ থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে।

৯। এ আদেশ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০১৭ সালের ১০ম সভার সিদ্ধান্ত, যথাযথ কর্তৃপক্ষ এবং মাননীয় প্রধানমন্ত্রীর ১২-০৮-২০১৭ তারিখের অনুমোদনক্রমে জারি করা হলো।

১০। এ আদেশ জারিতে সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**এম. শান-ই-আলম মিষ্টি**
সিনিয়র সহকারী সচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬/১৩ জুন ২০১৯

**নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০০৫.১৭.৬৮**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে WALTON GROUP ইলেকট্রনিকস মেনুফ্যাকচারিং কোম্পানি-কে পত্রজারির তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য উক্ত আইনের ধারা ১০৩ এর প্রয়োগ হতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল :

**শর্তাবলী :**

১। কোন শ্রমিককে দিয়ে সপ্তাহে ৬০(ষাট) ঘণ্টার বেশী কাজ করানো যাইবে না;

২। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে;

৩। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এর ১০৩ ধারার অধীন প্রাপ্ত ছুটি হইতে কোন শ্রমিক বঞ্চিত হইলে যথাশীঘ্র সম্ভব উক্তরূপ ছুটির দিনের সমসংখ্যক ছুটি শ্রমিককে প্রদান করিতে হইবে;

৪। উক্তরূপ ছুটির জন্য কোন মজুরি কর্তন করা যাইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হানিফ সিকদার**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃংখলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬/১৩ জুন ২০১৯

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১৯-৩৫১**—যেহেতু ডাঃ মোহাম্মদ শরিফুল ইসলাম (১১৪৫৯৫), মেডিকেল অফিসার, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়ার বিরুদ্ধে জনাব মোঃ সোলায়মান, পিতা-মৃত কাইয়ুম, সাং-ভূতনিকান্দা, কাকিলাকুড়া, থানা-শ্রীবরদী, জেলা-শেরপুর কর্তৃক সিআর আমলী আদালত, শ্রীবরদী, শেরপুরে মোঃ দঃ বিঃ ১৬৭/৩২৬/১০৯ ধারায় ১৬১/২০১৫ মামলা দায়ের করা হয়;

যেহেতু, অভিযুক্তকে সিআর আমলী আদালত, শ্রীবরদী, শেরপুরে মোঃ দঃ বিঃ ১৬৭/৩২৬/১০৯ ধারায় ১৬১/২০১৫ নং মামলায় জেলহাজতে প্রেরণ করা হয় এবং পরবর্তীতে অভিযুক্ত জামিনে ছাড়া পেলেও উক্ত মামলাটি চলমান রয়েছে;

যেহেতু, বি.এস.আর. পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মোহাম্মদ শরিফুল ইসলাম (১১৪৫৯৫), মেডিকেল অফিসার, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়াকে সরকারি চাকুরী হতে অবিলম্বে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
সচিব।

**আদেশ**

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬/১৩ জুন ২০১৯

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২৫৯.২০১১-৩৫২**—যেহেতু, ডাঃ মোঃ সামসুজ্জামান (৪৬৩৪৯), সহকারী অধ্যাপক (চঃদাঃ), ডেন্টিস্ট্রি, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম গত ২৬-০৬-২০১০৮ তারিখ চট্টগ্রাম মেডিকেল কলেজে যোগদান করে লিয়েন মঞ্জুর ব্যতিত সৌদি আরব গমন করেন এবং ২৭-০৬-২০০৮ তারিখ হতে কোন প্রকার ছুটি ব্যতীত ও যুক্তিসংগত কারণ ছাড়াই অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে ২৩-০১-২০১২ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২৫৯.২০১২-১০৫ নম্বর স্মারকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান), অধ্যাদেশ ১৯৭৯ এর ৫(১) ধারা অনুযায়ী কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, ডাঃ মোঃ সামসুজ্জামান (৪৬৩৪৯), গত ০৬-০৪-২০১২ তারিখে তাঁর চাকুরী কাল ২৫ বৎসরের অধিককাল হওয়ায় ০৬-০৪-২০১২ তারিখ হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের জন্য আবেদন করেন। তিনি গত ২৬-০৬-২০০৮ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তার অনুপস্থিতিকাল ২৬-০৬-২০০৮ তারিখ হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের তারিখ ০৬-০৪-২০১২ তারিখ পর্যন্ত মোট ৩ বছর ৯ মাস ১০ দিন।

যেহেতু, ডাঃ মোঃ সামসুজ্জামান (৪৬৩৪৯), গত ০৬-০৪-২০১২ তারিখ থেকে স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন করেছেন। সেহেতু, তার স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা প্রয়োজন;

সেহেতু, ডাঃ মোঃ সামসুজ্জামান (৪৬৩৪৯), সহকারী অধ্যাপক (চঃদাঃ), ডেন্টিস্ট্রি, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানির জবাব এবং চাকুরী হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন করায় তার বিনানুমতিতে অনুপস্থিতকালীন সময় গত ২৬-০৬-২০০৮ তারিখ হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের তারিখ ০৬-০৪-২০১২ পর্যন্ত মোট ৩ বছর ৯ মাস ১০ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
সচিব।

---

**সুরক্ষা সেবা বিভাগ**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬ বঃ/২৯ মে ২০১৯ খ্রিঃ

**নং ৫৮.০০.০০০০.০৮৫.০২৩.০১৬.১৮-৪১৫**—পবিত্র ঈদ-উল-ফিতর, ২০১৯ উপলক্ষ্যে লঘু অপরাধে দণ্ডিত অর্ধেকের বেশি সাজাভোগকৃত কয়েদিদের মুক্তি প্রদানের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নবর্ণিত ১৪ (চৌদ্দ) জন কয়েদির অবশিষ্ট কারাদণ্ড মওকুফ করা হয়েছে :

| ক্র. নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম ও বয়স | কারাগারের নাম |
|---|---|---|
| ১. | কয়েদি নং-৪৫২৯/এ, নাম-সেলিম খাঁ, পিতা-আলি আজিম খাঁ, বয়স-৫৭ বৎসর। | পিরোজপুর জেলা কারাগার |
| ২. | কয়েদি নং-৪৬৬৩/এ, মোঃ মোস্তফা খান, পিতা-সিকান্দার খান, বয়স-৩৫ বৎসর। | বাগেরহাট জেলা কারাগার |
| ৩. | কয়েদি নং-১২৭১/এ, আমিরুল, পিতা-হাসেন আলী, বয়স-৩৭ বৎসর। | গাইবান্ধা জেলা কারাগার |
| ৪. | কয়েদি নং-২৭৫৮/এ, শফি আলম, পিতা-দেলোয়ার হোসেন, বয়স-৪০ বৎসর। | রাঙ্গামাটি জেলা কারাগার |
| ৫. | কয়েদি নং-১৭৪২/এ, আজিজুল মোড়ল, পিতা-আবেদ আলী মোড়ল, বয়স-৫৪ বৎসর। | সাতক্ষীরা জেলা কারাগার |
| ৬. | কয়েদি নং-৩৯৪০/এ, আবু বাক্কার সিদ্দিক, পিতা-মৃত খুরশিদ, বয়স-৩৬ বৎসর। | কিশোরগঞ্জ জেলা কারাগার |
| ৭. | কয়েদি নং-৪৩১৬/এ, মোঃ কাউছার মিয়া, পিতা-ধনু মিয়া, বয়স-৩১ বৎসর। | |
| ৮. | কয়েদি নং-৬২০৬/এ, ইছব আলী, পিতা-মাজিম উদ্দিন, বয়স-৫৫ বৎসর। | |

| ক্র. নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম ও বয়স | কারাগারের নাম |
|---|---|---|
| ৯. | কয়েদি নং-৭০৭১/এ, তাজুল ইসলাম মানিক, পিতা-মৃত আবু তাহের, বয়স-৪৮ বৎসর। | ফেনী জেলা কারাগার |
| ১০. | কয়েদি নং-৭০৯৭/এ, জাহাঙ্গীর, পিতা-আঃ গফুর, বয়স-৪১ বৎসর। | |
| ১১. | কয়েদি নং-৭২১৯/এ, মোঃ আবুল হোসেন ড্রাইভার, পিতা-মৃত ইদ্রিস মিয়া, বয়স-৫৫ বৎসর। | |
| ১২. | কয়েদি নং-৯৪২৩/এ, মোঃ ফিরোজ মিয়া, পিতা-দুখু মিয়া, বয়স-৫২ বৎসর। | ঢাকা কেন্দ্রীয় কারাগার |
| ১৩. | কয়েদি নং-৭৪৫৭/এ, মোঃ ওয়ারেশ আলী, পিতা-মৃত কসিম উদ্দিন, বয়স-৪০ বৎসর। | ঠাকুরগাঁও জেলা কারাগার |
| ১৪. | কয়েদি নং-২৭৫১/এ, মোঃ রাসেল, পিতা-মোঃ এবারক মিয়া, বয়স-২০ বৎসর। | সিলেট কেন্দ্রীয় কারাগার |

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। জরিমানার অর্থ আদায়পূর্বক মুক্তির বিষয়টি কার্যকর করতে হবে।

৪। অন্য কোন কারণে উপরোক্ত কয়েদিদের আটক রাখার আবশ্যকতা না থাকলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মনিরুজ্জামান**
উপসচিব।